তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৭৭/২০১৬

অভিযোগকারী ঃ জনাব মোঃ নুরুল ইসলাম
বর্তমান ঠিকানা-সেকশন-১২
ব্লক-ই, লাইন নং-০১, বাসা নং-৫৪
পল্লবী মিরপুর, ঢাকা-১২১৬।

প্রতিপক্ষ ঃ **১. জনাব ইলিয়া সুমনা**
উপ-সচিব (প্রশাসন-৩) অধিশাখা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনপ্রশাসন মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. জনাব আয়েশা হক
সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ২০-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী গত ০৯-০৩-২০১৬ তারিখে ড. কামাল আবদুল নাসের চৌধুরী, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে তথ্য কমিশনে অভিযোগ দায়েরের করেন। অভিযোগ বিবরণী হতে দেখা যায়, অভিযোগকারী অভিযুক্ত কর্মকর্তার নিকট আপীল আবেদন করে নিম্নলিখিত তথ্যাদি জানতে চেয়ে না পেয়ে অত্র অভিযোগ দায়ের করেছেন-

> "২৩-০২-২০১৬ ইং তারিখে সহকারী কমিশনার (ভূমি), লালবাগ সার্কেলের রাহেলা রহমত উল্লাহ এর বিরুদ্ধে অভিযোগ এবং গত ১২-১১-২০১৫ ইং তারিখের অভিযোগ দাখিল এবং ০৮-০৬-২০১৫ ইং তারিখের স্মারক নং ৩১.০০.০০০০.০৪২.৪১.১১৪.১৪.২৪৬/১(২) ভূমি মন্ত্রণালয় চিঠি ও তারিখ ১৭-০৯-২০১৫ এবং স্মারক নং-১১২, শিবপুর ভূমি অফিস, লালবাগ সার্কেল এর তদন্ত রিপোর্ট/জবাব লিখিত আকারে"

২। তথ্য কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটির গ্রহণযোগ্যতার বিষয়ে একক শুনানীর জন্য গ্রহণ করে ০৫-০৫-২০১৬ তারিখে শুনানীর দিন ধার্য করা হয় এবং অভিযোগকারীকে শুনানীতে হাজির হবার জন্য সমন জারী করা হয়।

৩। ধার্য ০৫-০৫-২০১৬ তারিখে অভিযোগকারীর উপস্থিতিতে আংশিক শুনানী গৃহীত হয়। অধিকতর শুনানীর জন্য ২৯-০৫-২০১৬ তারিখ ধার্য করে অভিযোগকারীর প্রতি সমন জারী করা হয়।

৪। ধার্য ২৯-০৫-২০১৬ তারিখে অভিযোগকারীর উপস্থিতিতে একক শুনানীঅন্তে গৃহীত হয়। অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ২০-০৬-২০১৬ তারিখ ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর প্রতি সমন জারী করা হয়।

৫। অদ্য ২০-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ইলিয়া সুমনা, উপ-সচিব (প্রশাসন-৩) অধিশাখা জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সময়ের আবেদন করে গরহাজির । জনাব আয়েশা হক (সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হাজির।

৬। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ইলিয়া সুমনা, উপ-সচিব (প্রশাসন-৩) অধিশাখা জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সময়ের আবেদন করে গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি । তবে জনাব আয়েশা হক, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অত্র অভিযোগের সাথে সম্পর্কিত তদন্ত চলমান থাকায় অভিযোগকারীকে চাহিত তথ্যাদি যথাসময়ে প্রদান সম্ভব হয় নি। বর্তমানে তদন্ত কার্যক্রম শেষ হয়েছে এবং তদন্ত প্রতিবেদন হাতে পেয়েছেন। এমতাবস্থায় তিনি অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি কমিশনের নির্দেশক্রমে প্রদান করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১১২.২২.০২৯.১৫-৩৯৮ তারিখ: ৩১-০৫-২০১৬ মাধ্যমে উক্ত মন্ত্রণালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা জানিয়েছেন যে, মাঠপ্রশাসনে কর্মরত কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে ব্যবস্থা নেয়া হয়ে থাকে । উক্ত বিভাগ সহকারী কমিশনার(ভূমি),লালবাগ সার্কেল এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে তদন্তের জন্য দায়িত্ব প্রদান করেছে । প্রতিবেদন প্রাপ্তির পর মন্ত্রিপরিষদ বিভাগ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে । অন্যদিকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা তদন্ত প্রতিবেদন হাতে পেয়েছেন মর্মে শুনানীকালে জানিয়েছেন । তিনি অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব ইলিয়া সুমনা, উপ-সচিব (প্রশাসন-৩) অধিশাখা জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কে অব্যাহতি দেয়া হলো । অন্যদিকে জেলা প্রশাসন কর্তৃক তদন্ত কার্যক্রম শেষ হওয়ায় প্রাপ্ত প্রতিবেদনের কপি অভিযোগকারীকে সরবরাহ করার জন্য ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত তথ্য প্রদানকারী কর্মকর্তা কে নির্দেশনা দিয়ে তাকেও অব্যাহতি দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	স্বাক্ষরিত	স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	(নেপাল চন্দ্র সরকার)	(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার